

হজযাত্রীদের জন্য স্যানিটাইজিং তসবিহ চালু করলো সৌদিয়া

- A Monitor Desk Report

Date: 05 March, 2024



রিয়াদ: হজযাত্রীদের জন্য প্রথমবারের মতো স্যানিটাইজিং তসবিহ চালু করেছে সৌদিয়া এয়ারলাইন্স। আসন্ন রমজান এবং ওমরাহ মৌসুমে যাত্রীদের আকৃষ্ট করতে এমন উদ্ভাবনী পদক্ষেপ নিয়েছে সৌদি আরবের জাতীয় পতাকাবাহী এ উড়োজাহাজ কর্তৃপক্ষ।

বিশেষ এ তসবিহ বেশ কয়েকটি ক্রিয়েটিভ এজেন্সির যৌথ উদ্যোগে তৈরি করা হয়েছে বলে সংশ্লিষ্টরা জানিয়েছেন। নবসৃষ্ট এ তসবিহ একসঙ্গে দুটি কাজে ব্যবহৃত হবে। একদিকে এর মাধ্যমে তসবিহ গণনা হবে। এছাড়া তসবিহ গণনার পাশাপাশি হাতের স্যানিটাইজেশন হবে স্বয়ংক্রিয়ভাবে। সংশ্লিষ্টরা বলছেন, ঐতিহ্যগতভাবে তসবিহ গণনায় নতুন মাত্রা যোগ করেছে নতুন এ উদ্ভাবনী।

এটি তৈরিতে ব্যবহার করা হয়েছে চা গাছের তেল। যা স্যানিটাইজিং উপাদান হিসেবে ব্যবহৃত হয়েছে। এর মাধ্যমে তসবিহ গণনার পাশাপাশি যাত্রীদের হাত হবে জীবাণু মুক্ত।

সৌদিয়ার বাণিজ্য বিভাগের কর্মকর্তা এসাম আখনবে জানিয়েছেন, সৌদিতে আসা যাত্রীদের সর্বোচ্চ সেবা দিতে আমরা প্রতিশ্রুতিবদ্ধ। আমরা যাত্রীদের জন্য এমন উদ্ভাবনী পণ্য তৈরি করতে পেরে গর্বিত।

স্বাস্থ্যকর এবং মানসম্মত হজযাত্রা নিশ্চিত করতে নতুন উদ্ভাবনী পণ্যটি সৌদিয়ার সকল যাত্রীদের জন্য সহজলভ্য করা হয়েছে বলে তিনি জানান।

-B